পুলিশের দক্ষতা উন্নয়ন কোর্স এর সমাপনী ও সনদপত্র বিতরণ

জানুয়ারী ১৩, ২০২২: স্টাফ রিপোর্টার॥ জেলা পুলিশের আয়োজনে মৌলভীবাজার পুলিশ লাইন্সে বাংলাদেশ পুলিশের কনস্টেবল ও নায়েক পদমর্যাদার পুলিশ সদস্যদের জন্য এক সপ্তাহ মেয়াদী ধারাবাহিক দক্ষতা উন্নয়ন কোর্স এর সমাপনী ও সনদপত্র বিতরন অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বৃহস্পতিবার ১৩ জানুয়ারী উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা বিশেষ শাখার অতিরিক্ত পুলিশ সুপার সুদর্শন কুমার রায়।

প্রধান অতিথির বক্তব্যে বাবু সুদর্শন কুমার রায় বলেন, “এক সপ্তাহ মেয়াদী এ প্রশিক্ষণ পুলিশের বাস্তব কর্মজীবনের দক্ষতা উন্নয়ন সংক্রান্ত বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে যা পুলিশ সদস্যদের আরো দক্ষ ও স্মার্ট করে তুলবে।”

তারপর মেধাক্রম অনুযায়ী প্রশিক্ষনার্থীদের মধ্যে সনদপত্র বিতরণ করা হয়। এসময় সদর পুলিশ ফাঁড়ির ইনচার্জ ইন্সপেক্টর নব গোপাল দাশ ও অন্যান্য প্রশিক্ষক প্রশিক্ষনার্থীগণ উপস্থিত ছিলেন।